

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩১টি প্রতিষ্ঠানকে ১.২৮ লক্ষ টাকা জরিমানা

২৪ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে বাগেরহাট, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, মেহেরপুর, ঠাকুরগাঁও ও সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম -উদ-দৌল্যার নেতৃত্বে সিলেটের কোতয়ালী ও সিলেট সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ বনি আমিনের নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলা ৫টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল-মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গি উপজেলায় ৯টি প্রতিষ্ঠানকে ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৭টি বাজার তদারকিতে ৩১টি প্রতিষ্ঠানকে মোট ১,২৮,৫০০/- (এক লক্ষ আটশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বিএসটিআই কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, নিরাপদ খাদ্য পরিদর্শক, শিল্প ও বণিক সমিতি, র্যা ব ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, বাগেরহাট, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, মেহেরপুর, ঠাকুরগাঁও ও সিলেট।
- ৬। পুলিশ সুপার, বাগেরহাট, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, মেহেরপুর, ঠাকুরগাঁও ও সিলেট।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।